দলে মমতা বন্দ্যোপাধ্যায়ই শেষ কথা, দ্ব্যর্থহীন ভাষায় স্বীকার মন্টুরামের

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : পশ্চিম বাংলায় তৃণমূল কংগ্রেসের মালিক মমতা বন্দ্যোপাধ্যায়, আমরা সবাই সেই দলের সৈনিক। দক্ষিণ ২৪ পরগনা জেলা তপসিল জাতি, উপজাতি সংগঠনের এক কর্মিসভায় একথা বলে গেলেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী মন্টুরাম পাখিরা। ২১ জুলাই শহিদ দিবসকে সামনে রেখে আজ সংগঠনের ব্লক, পুরসভা এবং পঞ্চায়েত সভাপতিদের নিয়ে কর্মিসভার আয়োজন করেন জেলার নেতৃত্ব। জেলা এবং রাজ্য নেতৃত্ব মন্টুবাবুর এই বক্তব্য উৎসাহিত হয়ে বলেন আমরা দক্ষিণ ২৪ পরগনা জেলায় মন্টুবাবুর পরামর্শেই সংগঠনকে শক্তিশালী করতে চাই। কারণ মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে প্রথম থেকে যুব কংগ্রেস এবং পরে তৃণমূল কংগ্রেসের জেলা সংগঠনের দায়িত্ব পালন করেছেন। এবং যথেষ্ট সফল সংগঠক মন্টুবাবু। তবে সব কথার শেষ কথা যে মমতা বন্দ্যোপাধ্যায় তা দ্ব্যর্থহীন ভাষায় জানিয়ে দিয়েছেন মন্টুরাম পাখিরা।

সভা/অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির)
আজ সোমবার আলোচনায়: শতবর্ষের আলোকে স্বামী অভেদানন্দ। পাঠক: ড: ভূপেন্দনাথ শীল। সময় ৭:১৫মি:।

সুডোকু মেলাও *বুদ্ধি বাড়াও*

		1	3		6		2	
			5			8	7	
	5						6	1
9						2	1	
	1	5		6		7	3	
	8	2						4
3	7						8	
	2	8			1			
	9		8		7	6		

গতকালের সমাধান

6	2	3	9	4	8	7	5	1
4	9	5	3	7	1	6	2	8
1	7	8	2	5	6	4	3	9
5	3	7	4	6	9	1	8	2
9	4	1	5	8	2	3	7	6
2	8	6	1	3	7	5	9	4
3	6	4	8	9	5	2	1	7
8	5	2	7	1	4	9	6	3
7	1	9	6	2	3	8	4	5

আবহাওয়া

পূর্বাভাস: সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৪ ডি গ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৪ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭৯ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫১, **সূর্যাস্ত:** ঘ ৬:১৯ **জোয়ার:** সকাল :১০:১৭। **ভাঁটা**: সন্ধ্যা : ৫:৯২।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	67.5228
INR / 1 Euro	79.5824
INR / 100 Jap. YEN	61.6000
INR / 1 Pound Sterling	90.6021

শেয়ার সূচক

BSE	35,443.67	▼	(-19.41)
NIFTY	10,767.65	▼	(-0.70)

শব্দলিপি- ১২৪৬



অনুপম দেব

পাশাপাশি ঃ ১। বাতাস ৫। তানপুরা ৬। নখকুনি ৭। পুত্র ৯। সংক্ষেপিত প্রমথ নাথ বিশী ১০। শ্রেষ্ঠ অভিনেতা ১২। মড়ক ১৩। বড়ো শহর

উপরনীচ ঃ ১। যাচাই ২। চিনির রসে পাক দেওয়া দানা মিষ্টি ৩। স্তম্ভিত ৪। দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজসভার অন্যতম রত্ন ৬। নদীয়ার শ্রীচৈতন্য ৮। সূর্যপুত্র ৯। সূর্য ১১। অসমতল

সমাধান ঃ শব্দলিপি - ১২৪৫

পাশাপাশি ঃ ১। আদানপ্রদান ৪। ডালিম ৫। রকবাজ ৭। কবর ৮। লতিকা ১০। মহরম ১২। চত্বর ১৩। চলনবলন

উপরনীচ ঃ ১। আমদরবার ২। নজর ৩। নমাজ ৪। ডাহুক ৬। কমললোচন ৯। কাবার ১০। মরিচ ১১। মচ্ছব

গয়না বিক্রি নিয়ে বিবাদ, শ্যালককে খুনের অভিযোগে গ্রেফতার ব্যক্তি

নিজস্ব সংবাদদাতা, মুর্শিদাবাদ : শাবলের বাড়ি মেরে শ্যালককে খুন করার অভিযোগ উঠল এক ব্যক্তির বিরুদ্ধে। মৃত যুবকের নাম আবদুল সামাদ শেখ (২৪)। ঘটনার আহত হয় আরও ৪ ব্যক্তি। আহতদের সালার হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনায় ৬ জনকে গ্রেফতার করেছে সালার থানার পুলিশ। খুনের ঘটনায় লিখিত অভিযোগ দায়ের করেছে আব্দুলের পরিবার। তদন্ত শুরু করেছে পুলিশ। মুর্শিদাবাদের সালারের সরমস্তপুরের ঘটনা।

বছর দশেক আগে সালার থানার সরমস্তপুর গ্রামের বাসিন্দা আজিজুল মোল্লার সঙ্গে বিয়ে হয় ওই থানার পুঁয়া গ্রামের বাসিন্দা রসিদা বিবির। জানা যায়, বিয়ের কয়েক বছরের মধ্যেই রসিদা বিবির বাড়ি থেকে দেওয়া সমস্ত সোনার গয়না বিক্রি করে দেয় আজিজুল। এনিয়ে প্রতিবাদ করলে রসিদাকে মারধর করা হয় বলে অভিযোগ। মারধরের কথা বাবার কাছে জানান রসিদা। দিন কয়েক আগে সেই ঘটনা নিয়ে রসিদাকে ফের মারধর করে আজিজুল।

শনিবার সকালে রসিদার ভাই আবদুল সামাদ শেখ গ্রামের কয়েকজনকে নিয়ে আজিজুলের বাড়ি যায়। আজিজুলকে আবদুল প্রশ্ন করে সে সোনার গয়না কেন বিক্রি করেছে। এনিয়ে দু'পক্ষের মধ্যে বচসা ও পরে হাতাহাতি হয়। অভিযোগ, তখন আজিজুল রড দিয়ে আবদুলের মাথায় আঘাত করে। ঘটনাস্থনেই মৃত্যু হয় আবদুলের। এছাড়া আহত হয় আরও ৪ জন। সালার থানার পুলিশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কান্দি মহকুমা হাসপাতালে পাঠিয়েছে।

রসিদা বিবি বলেন, 'স্বামী আমাকে শারীরিক ও মানসিক নির্যাতন করে। কিন্তু অশান্তির ভয়ে কিছু বলতাম না। শুক্রবার রাতে ও আমাকে ফের লাঠি দিয়ে মারধর করে। আমার মোবাইল কেড়ে নেয় যাতে আমি ফোন করতে না পারি।

আমার এক বোনকে দিয়ে তখন বাবার বাড়িতে খরব পাঠাই। শনিবার সকালে আমার ভাই গ্রামের কয়েকজনকে নিয়ে স্বামীর সঙ্গে এবিষয়ে কথা বলতে আসে। তখন আমার শ্বশুরবাড়ির লোকজন ভাইকে ও তার সঙ্গীদের মারতে শুরু করে। আমার স্বামী ঘর থেকে শাবল নিয়ে এসে ভাইয়ের মাথায় বাড়ি মারে।'

একটি কারখানায় তৃণমূলের একটিই সংগঠন থাকবে : দোলা সেন

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : একাধিক নয়। একটি কারখানায় তৃণমূলের একটিই শ্রমিক সংগঠন থাকবে। তার ছাতার তলায় থাকবে হবে সবাইকে। শনিবার খড়দায় একটি জনসভায় একথা বলেন তৃণমূলের শ্রমিক সংগঠন আইএনটিটিইউসি'র সভানেত্রী দোলা সেন।

কয়েকদিন আগে তৃণমূলের কোর কমিটির বৈঠকে তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শ্রমিক সংগঠন নিয়ে দলের নেতাদের কড়া বার্তা দিয়েছিলেন। শ্রমিক সংগঠন নিয়ে শাসকদলের অন্তর্দ্বন্দ্বের কথা প্রায় সময়ই সামনে আসে। সেই পরিপ্রেক্ষিতে মমতা বলেন, দোলা সেন এবং মলয় ঘটক ছাড়া আর কোনও নেতাকে আইএনটিটিইউসি'র সংগঠন দেখতে হবে না।

শনিবার খড়দায় ওই জনসভায় সেই প্রসঙ্গ তুলে ধরে দোলা সেন বলেন, অন্য ট্রেড ইউনিয়নের মতো আইএনটিটিইউসি চলবে না। এখানে সবাই মর্যাদা পাবেন। তবে একটা সংস্থায় একটাই মাত্র ট্রেড ইউনিয়ন থাকবে। ট্রেড ইউনিয়ন নিয়ে কোনও আলাদা গোষ্ঠী থাকবে না।

তৃণমূল সরকারের আমলে বন্ধ কারখানার জমিতে কোনও প্রোমোটিংয়ের কাজ হয়নি যা হয়েছে সব সিপিএমের আমলে । ওরা চুক্তি করে বন্ধ শিল্প কারখানার জমি দিয়ে দিয়েছিল। আমাদের আমলে শিল্পের জমিতে শিল্প ছাড়া অন্য কিছু হচ্ছে না। আমাদের ল্যান্ড ব্যাঙ্ক আছে।'

মায়াপুরে ইসকনের রথযাত্রা উৎসব

নিজস্ব প্রতিনিধি: মায়াপুরে ইসকনের রথযাত্রা উৎসব ২০১৮ উপলক্ষে জোরকদমে প্রস্তুতি শুরু হয়ে গেছে। আগামী ১৪ জুলাই, শনিবার রথাযাত্রা উৎসব এবং ২২ জুলাই, রবিবার পূর্ণর্যাত্রা উৎসব হবে মহা সাড়ম্বরে। কথিত আছে, রথযাত্রার দিন জগন্নাথদেব, ভাই বলরাম এবং বোন শুভদ্রাদেবী রথে আরোহণ করে ভক্তদের আশীর্বাদ করেন। ওইদিন রথে জগন্নাথদেবকে দর্শন করলে মানুষ জন্ম-মৃত্যু চক্রের বন্ধন থেকে মুক্ত হয়।

ইসকন রথযাত্রা কমিটির পক্ষ থেকে আলয় গোবিন্দ দাস এই উৎসবে যোগদানের জন্য ভক্তদের সাদর আমন্ত্রণ জানিয়েছেন। রথযাত্রা শুরু হবে ওইদিন বেলা ২-৩০ এ। যাত্রা শেষ হবে শ্রীমায়াপুর চন্দ্রোদয় মন্দিরে সন্ধে ৭-৩০এ। পূণর্যাত্রা শুরু হবে রবিবার ২২ জুলাই বেলা ৩টে। শেষ হবে রাজাপুর জগন্নাথ মন্দিরে সন্ধে ৭-৩০এ।

দিনের পর দিন ধর্ষণ, আত্মঘাতী কিশোরী

নিজস্ব সংবাদদাতা, বারুইপুর : দিনের পর দিন স্থানীয় দুই যুবক ও তার বন্ধুরা মিলে বছর সতেরোর এক কিশোরীকে ধর্ষণ করছিল। অভিযোগ, সেই ধর্ষণের কথা কাউকে বললে অভিযুক্তরা প্রাণনাশের হুমকি দিয়েছিল ওই নাবালিকাকে। কিন্তু দিন কয়েক আগে মূল অভিযুক্ত দুই যুবক লালচাঁদ ও শেখ ইমরান স্থানীয়দের কাছে হাতেনাতে ধরা পড়ে যায়। বিষয়টি জানাজানি হয়। এরপর অপমানে নিজের গায়ে আগুন লাগিয়ে আত্মহত্য করে বারুইপুরের ওই কিশোরী। ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর থানার নিশ্চিন্তপুর হরিজন পল্লিতে।

গুরুতর জখম অবস্থায় ওই কিশোরীকে প্রথমে বারুইপুর মহকুমা হাসপাতালে ও পরে কলকাতার এম.আর. বাঙ্গুর হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল। সেখানেই শুক্রবার রাতে মৃত্যু হয় ওই নাবালিকার। ঘটনার পর অভিযুক্ত লালচাঁদ ও শেখ ইমরান ছাড়া আরও দু'জনের বিরুদ্ধে বারুইপুর থানায় অভিযোগ দায়ের করেন মৃতার মা। ঘটনার তদন্তে নেমে পুলিশ মূল অভিযুক্ত লালচাঁদ ও শেখ ইমরানকে গ্রেফতার করেছে। বাকিরা এখনও পলাতক।

মৃতের মা বলেন, 'অভিযুক্তরা সবাই মিলে আমার মেয়েকে ধর্ষণ করেছে। লালচাঁদ, ইমরান, তমান্না ও বাড়িওয়ালা সবাই এতে যুক্ত ছিল। আমি চাই ওদের যেন শাস্তি হয়।

দুর্ঘটনায় মৃত্যু পথচারীর

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : রবিবার সকালে হাওড়ার বাঙালবাবু ব্রিজের কাছে এক মর্মান্তিক পথদুর্ঘটনায় মৃত্যু হল এক পথচারীর। মৃতের নাম ও পরিচয় পাওয়া যায়নি। জানা গিয়েছে, হাওড়ার জিটি রোডের কাছে এদিন সকালে বাঙালবাবু ব্রিজের ওপর দিয়ে পিলখানার দিকে যাচ্ছিল একটি পণ্যবাহী লরি। সেই সময় ওই লরিটি নিয়ন্ত্রণ হারিয়ে এক ব্যক্তিকে ধাক্কা মারে। ঘটনাস্থলেই মৃত্যু হয় ওই পথচারীর। তারপর গোলাবাড়ি থানার পুলিশ লরিটিকে আটক করেছে। কিন্তু লরিচালক পলাতক। হাওড়ার জিটি রোডের বেশ কিছুটা অংশ নিয়ন্ত্রণহীন গাড়ি চলাচল করে। বেপরোয়াভাবে গাড়ি চলাচলের জন্যই এই দুর্ঘটনা বলে মনে করছেন স্থানীয়রা। এই জায়গায় আরও বেশি পুলিশি নিয়ন্ত্রণের দাবি জানিয়েছেন স্থানীয়রা।

সোনারপুরে যুবতীকে লক্ষ্য করে গুলি

নিজস্ব সংবাদদাতা, সোনারপুর : এক যুবতীকে লক্ষ্য করে গুলি চালাল দুষ্কৃতীরা। গুলিটি যুবতীর হাতে লেগে বেরিয়ে যায়। আক্রান্তের নাম মৌসুমি শীল। শনিবার ঘটনাটি ঘটে সোনারপুরে।

যুবতীর শ্বশুরবাড়ি সোনারপুর থানার অন্তর্গত বোড়ালের শ্রীপুরে। শনিবার রাতে তাঁর স্বামী কাজ থেকে ফিরবেন বলে বাড়ি থেকে কিছুটা দূরে দাঁড়িয়েছিলেন তিনি। যেখানে যুবতী দাঁড়িয়েছিলেন তার পাশেই স্থানীয় যুব তৃণমূল নেতা বরুণ সরকারের বাড়ি। যুবতী বলেন, তিনি রাস্তায় দাঁড়িয়ে ফোনে কথা বলছিলেন। আচমকা বাইকে করে দু'জন আসে। তাঁকে লক্ষ্য করে গুলি চালায়। প্রথমে কিছু বুঝতে পারেননি তিনি। তারপর দেখেন, বাঁ হাত দিয়ে রক্ত পড়ছে। তা দেখে জ্ঞান হারান যুবতী। গুলির আওয়াজ পেয়ে স্থানীয়রা বেরিয়ে আসেন। ততক্ষণে দুষ্কৃতীরা সেখানে থেকে চলে গেছে। স্থানীয়রা যুবতীকে প্রথমে বাড়িতে নিয়ে যান। তারপর তাঁকে নিয়ে যাওয়া হয় বাঘাযতীন স্টেট জেনারেল হাসপাতালে। সেখানে চিকিৎসার পর যুবতীকে বাড়ি পাঠানো হয় । চিকিৎসকরা জানান, গুলিটি যুবতীর হাতে লেগে বেরিয়ে গেছে। কে বা কারা তাঁকে লক্ষ্য করে গুলি চালাল, তা বুঝে উঠতে পারছেন না বছর বাইশের ওই যুবতী। তিনি বলেন, কিছুদিন আগেই তাঁর বিয়ে হয়েছে। কারও সঙ্গে কোনও শত্রুতা নেই। গুলি চালানোর ঘটনায় আতঙ্ক ছড়ায় এলাকায়। খবর পেয়ে আসে সোনারপুর থানার পুলিশ। ঘটনাস্থল থেকে একটি গুলির খোল উদ্ধার করে। আক্রান্ত যুবতীকে জিজ্ঞাসাবাদ করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করা যায়নি। লোকালয়ে এই ধরনের ঘটনার জেরে এলাকার বাসিন্দারা নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলেছেন।

শিশুপাচারকারী সন্দেহে ৪ জনকে গণধোলাই

নিজস্ব সংবাদদাতা, ক্যানিং : বছর দশেকের এক নাবালিকাকে কাজের নাম করে কলকাতায় পাচার চেষ্টা করা হচ্ছে। এই অভিযোগ উঠেছে দুই ব্যক্তি এবং এক মহিলার বিরুদ্ধে। তিনজনকেই বেধড়ক মারধর করে ট্রেনের নিত্যাযাত্রীরা। খবর পেয়ে ঘটনাস্থলে আসে ক্যানিং থানার পুলিশ। তিনজনকেই গ্রেফতার করে নিয়ে যায়। এই ঘটনায় ফিরোজ মোল্লা নামে আরও এক মহিলাকে গ্রেফতার করা হয়েছে। নাবালিকাকেও উদ্ধার করা হয়েছে।অভিযোগ, রবিবার সকালে আপ ক্যানিং-শিয়ালদা লোকালে নাবালিকাকে নিয়ে ওঠেন ফিরোজা মোল্লা নামের ওই মহিলা। ট্রেনের ভিতর আগে থেকেই বসে ছিলেন দুই ব্যক্তি এবং এক মহিলা। ওই তিনজনের হাতে নাবালিকাকে তুলে দেন ফিরোজা মোল্লা। তারপর তালদি স্টেশনের কাছে চলন্ত ট্রেন থেকে তিনি নেমে যান।

নাবালিকা ট্রেনের মধ্যেই কান্নাকাটি জুড়ে দেয়। জানায়, কাজের প্রলোভন দেখিয়ে তাকে জোর করে নিয়ে যাওয়া হচ্ছে। সন্দেহ হয় ট্রেনের নিত্যযাত্রীদের। তাঁর ওই তিন যাত্রীকে জিজ্ঞাসাবাদ শুরু করেন। কিন্তু, ঠিকঠাক উত্তর দিতে না পারায় তাঁদের ট্রেন থেকে নামানো হয়। কথায় অসঙ্গতি ধরা পড়লে গোটা বিষয়টা সকলের কাছে পরিষ্কার হয়ে যায়। খবর দিয়ে ডাকানো হয় ফিরোজা মোল্লাকেও। অবশেষে তাদের মারধর করে উত্তেজিত জনতা।'

সাঁইথিয়ায় তৃণমূলের গোষ্ঠী সংঘর্ষ

নিজস্ব সংবাদদাতা, সিউড়ি : তৃণমূলের গোষ্ঠীসংঘর্ষে উত্তপ্ত হয়ে উঠল বীরভূমের সাঁইথিয়া থানায় বাগডাঙা গ্রাম। দুই পক্ষের সংঘর্ষে জখম হয়েছেন চারজন। এলাকায় পুলিশ পিকেট বসানো হয়েছে।

ঘটনার সুত্রপাত শুক্রবার সন্ধ্যায়। ওই দিন সাঁইথিয়া থেকে বাড়ি ফিরছিলেন তৃণমূলের জেলা কমিটির সদস্য সাধন মুখোপাধ্যায়। সেই সময় গ্রামে ঢোকার আগে দুই দুষ্কৃতী তাঁর পথ আটকায়। এরপর মোটরবাইক থেকে নামিয়ে লাঠি নিয়ে বেধড়ক মারধর করে। তাঁকে গুরুতর আহত অবস্থায় সিউড়ি সদর হাসপাতালে ভর্তি করা হয়।

সাধনবাবুকে মারধরের প্রতিবাদে রবিবার এলাকার ব্যবসায়ীরা দোকানপাট বন্ধ রেখে সকালে মৌন মিছিল বের করে। মিছিলের সামনে ও পিছনে ছিল পুলিশ।

অভিযোগ, মিছিল চলাকালীন তৃণমূলের সাঁইথিয় ব্লক সভাপতি সাবের আলির লোকজন দোকান খুলতে বলে। দোকান না খোলায় মিছিলের উপর হামলা চালায় সাবেরের লোকজন। এনিয়ে দুই পক্ষ লাঠিসোঁটা নিয়ে একে অপরের উপর আক্রমণ করে। পুলিশের সামনেই দুই পক্ষের সংঘর্ষে জখম হন চারজন। তাঁদের সাঁইথিয়া গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এলাকায় পুলিশ টহল দিচ্ছে।

বিয়ের প্রতিশ্রুতি দিয়ে একাধিকবার সহবাস করার পর বিয়ে করতে অস্বীকার করার অভিযোগে গ্রেফতার যুবক

নিজস্ব সংবাদদাতা, গাইঘাটা : এক নাবালিকা ছাত্রীকে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে একাধিকবার সহবাস করার পর বিয়ে করতে অস্বীকার করার অভিযোগে এক যুবককে গ্রেফতার করল উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটা থানার পুলিশ। ধৃতের নাম প্রলয় গাঙ্গুলি। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটা থানার গোপাল গ্রামে। জানা যায়, বেশ কয়েকবছর ধরে ওই ছাত্রীর বাড়িতে গিয়ে শিক্ষকতা করত প্রলয়। বছর দুই আগে তাদের মধ্যে ভালোবাসার সম্পর্ক তৈরি হয়। তারপর বেশ কয়েকবার তাদের মধ্যেও শারীরিক সম্পর্কও হয়। বিষয়টি জানাজানি হতেই প্রলয়ের বাড়িতে গিয়ে বিয়ের জন্য চাপ দেয় ওই ছাত্রীর পরিবার। কিন্তু প্রলয় ওই ছাত্রীকে বিয়ে করতে অস্বীকার করায় গাইঘাটা থানায় প্রলয়ের নামে অভিযোগ করে ছাত্রী। অভিযোগের পরই শনিবার রাতে অভিযুক্ত প্রলয় গাঙ্গুলিকে গ্রেফতার করেছে গাইঘাটা থানার পুলিশ।

চাকরিপ্রার্থীর কাছে টাকা নিতে এসে ধৃত ২ ভুয়ো সিআইডি অফিসার

নিজস্ব সংবাদদাতা, বারুইপুর : চাকরি পাইয়ে দেওয়ার নাম করে টাকা তোলার অভিযোগে দু'জনকে গ্রেফতার করল সিআইডি। তাঁদের নাম কার্তিক নাথ ও পূজারি বাসফোর। অভিযোগ, এরা দু'জনেই নিজেদের সিআইডি অফিসার পরিচয় দিয়ে একাধিকজনের কাছ থেকে টাকা তুলেছিল। দু'জনেরই বাড়ি উত্তর ২৪ পরগনার জগদ্দল থানা এলাকায়। শনিবার সকালে ফাঁদ পেতে দু'জনকে গ্রেফতার করে সিআইডি।

বারুইপুর পুলিশের তরফে জানা গেছে, কার্তিক ও পূজারিকে ধরিয়ে দিতে সাহায্য করে একটি এনজিও। এরা দু'জনে নিজেদের সিআইডি অফিসার পরিচয় দিয়ে টাকা তোলে সেই খবর সিআইডি'কে দেয় এই এনজিও। সেই মতো শনিবার ফাঁদ পাতেন তদন্তকারীরা। চাকরিপ্রার্থী সেজে টাকা দেওয়ার নাম করে শনিবার সকালে বারুইপুর কোর্টের পিছনে কার্তিক ও পূজারিকে ডেকে পাঠানো হয়। সেই ফাঁদে পা দেয় দু'জন। আটজনের সদস্যের সিআইডি'র একটি দল আগে থেকে ওত পেতে ছিল ঘটনাস্থলে। সকাল সাড়ে দশটা নাগাদ কার্তিক ও পূজারি হাজির হয় নির্দিষ্ট স্থানে। পরিকল্পনা মতো সাজানো চাকরিপ্রার্থী তাদের হাতে টাকা দিতে যায়। ঠিক তখন দু'জনকে হাতেনাতে গ্রেফতার করেন তদন্তকারীরা। ধৃত দু'জনকে বারুইপুর মহকুমা আদালতে তোলা হবে। পুলিশসূত্রে খবর, ধৃতরা ২০১২ সাল থেকে চাকরি দেওয়ার নামে টাকা তুলছে। এদের মধ্যে কার্তিক সোস্যাল সাইটেও নিজেকে সিআইডি অফিসার বলেও পরিচয় দিত। এই চক্রের সঙ্গে আরও কে কে জড়িত আছে তা জেরা করে জানা হবে।

রামকৃষ্ণ মঠ, বলরাম মন্দিরে রথযাত্রা

নিজস্ব প্রতিনিধি: উত্তর কলকাতায় রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির)-এ আগামী ১৪ জুলাই শ্রীশ্রী জগন্নাথ দেবের রথযাত্রা অনুষ্ঠিত হবে। ওইদিন ভোর ৪-৩০ মিনিটে বিশেষ পূজা ও হোম এবং সকাল ৭-৩০-এ পুস্পেন দের সারোদ বাদন হবে। ১০-১৫ এ হবে পুষ্পাঞ্জলি। রবিবার ২২ জুলাই পূর্ণযাত্রা অনুষ্ঠিত হবে। প্রসঙ্গত, বলরাম মন্দিরের এই রথযাত্রায় শ্রীরামকৃষ্ণদেব অংশগ্রহণ করে ভক্তসঙ্গে নৃত্য-কীর্তনে দিব্যভাবে মাতোয়ারা হতেন। রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির)-এর উপাধ্যক্ষ স্বামী অকল্মষানন্দ মহারাজ অনুষ্ঠানে যোগদানের জন্য সকল ভক্তবৃন্দকে সাদর আমন্ত্রণ জানিয়েছেন।

হাওড়া পুরসভার উদ্যোগে আরও একটি নতুন রাস্তা ডুমুরজলায়

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বদলে যাচ্ছে হাওড়া। রাজ্য সরকারের সদর দফতর এখন হাওড়ায়। ডুমুরজলায় তৈরি হচ্ছে স্পোর্টস কমপ্লেক্স। পাশাপাশি সেখানে উপনগরী করার পরিকল্পনায় নিয়েছে রাজ্য সরকার। যা পরিণত হলে বদলে যাবে হাওড়ার মানচিত্র। উন্নতি সাধনের দিক দিয়ে সমানভাবে কাঁধে কাঁধ মিলিয়ে এগিয়ে চলছে। ইতিমধ্যেই দালাল পুকুরে মিনি ইকো পার্ক তৈরি করার উদ্যোগ নিয়েছে হাওড়া পুরসভা। এবার ডুমুরজলা থেকে দালালপুকুরের কাছে মহেন্দ্র ভট্টাচার্য রোড পর্যন্ত আধুনিক রাস্তা নির্মাণ করছে হাওড়া পুরসভা। জানা গিয়েছে, হাওড়ার ডুমুরডলা তিব্বতি মঠ থেকে এই রাস্তা যুক্ত হবে মহেন্দ্র ভট্টাচার্য রোডে। যা নির্মাণ করছে হাওড়া পুরসভা। এই রাস্তাটি ৪৭০ মিটার লম্বা ও ১২ মিটার চওড়া। মহেন্দ্র ভট্টচার্য রোড থেকে এই রাস্তাটি যাবে ইছাপুর জলের ট্যাঙ্ক পর্যন্ত। যেটা নির্মাণ করবে এইচআইটি। প্রসঙ্গত, ডুমুরজলায় স্পোর্টস কমপ্লেক্স নির্মাণ হলে হাওড়া বাসস্ট্যান্ড দিয়ে বাইপাস হয়ে এই রাস্তাটি দিয়ে সহজেই খুব কম সময়ে ডুমুরজলায় যাওয়া যাবে। ফলে যোগাযোগ ব্যবস্থার আরও অনেক উন্নতি হবে। মোট কথা সমস্ত দিক মাথায় রেখেই এই চিন্তাভাবনা করা হচ্ছে। হাওড়ার মেয়র চিকিৎসক রথীন চক্রবর্তী জানান, ডুমুরজলা থেকে মহেন্দ্র ভট্টাচার্য পর্যন্ত রাস্তাটি পরের বছরের মধ্যে কাজ সম্পন্ন হয়ে যাবে।

বাগনানে পথ অবরোধে ভোগান্তি

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : এক মহিলা দুর্ঘটনার কবলে পড়ার জন্য পথ অবরোধ করল স্থানীয় বাসিন্দারা। তার ফলে বাসসহ সেই রাস্তা দিয়ে যান চলাচল স্তব্ধ হয়ে যায়। ঘটনাটি ঘটেছে রবিবার সকালে হাওড়ার বাগনানের কয়লামোড়ে। বেআইনিভাবে যাত্রী পরিবহন করার জন্যই এই দুর্ঘটনা ঘটেছে। জানা গিয়েছে, রবিবার সকাল ১০টার সময় বেআইনিভাবে ১০জন যাত্রী নিয়ে একটি অটো যাচ্ছিল বাগনান-বাকসি রুটে। সেই সময় ডানদিক থেকে এক মহিলা অটো যাত্রী পরে যান। গুরুতর আহত ওই মহিলাকে উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। তারপর স্থানীয়রা ওই রাস্তা অবরোধ করেন।

বেআইনি অস্ত্র সহ এক ব্যক্তি গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, বনগাঁ : গোপনসূত্রের খবর পেয়ে শনিবার সন্ধ্যায় উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁ থানায় বিএসএফ ক্যাম্পের মোড় থেকে আগ্নেয়াস্ত্র সহ এক ব্যক্তিকে গ্রেফতার করল বনগাঁ থানার পুলিশ। ধৃত ব্যক্তির নাম অনুপ খাঁ (২২)। তার কাছ থেকে একটি স্বয়ংক্রিয় আগ্নেয়াস্ত্র এবং একটি কার্তুজ উদ্ধার হয়েছে। ধৃত অনুপ এর আগেও আগ্নেয়াস্ত্র পাচার করতে গিয়ে বিএসএফের হাতে ধরা পড়েছিল। বেশ কয়েকবছর জেলও হয় তার। পুলিশ তাকে জেরা করে জানতে পেরেছে, এদিন সে আগ্নেয়াস্ত্র বাংলাদেশে পাচার করার উদ্দেশ্যেই বনগাঁয় এসেছিল। রবিবার তাকে বনগাঁ মহকুমা আদালতে তোলা হয়।

Change of Name

I, MOHAMMAD YOUNUS SON OF NIAMATULLAH, RESIDENT OF F-28, SHAHI ASTABAL, PO+PS-GARDEN REACH, KOLKATA-700024, W.B., SHALL HENCEFORTH BE KNOWN AS "MOHAMMED YUNUS" VIDE AN AFFIDAVIT BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 04/07/2018.